



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
নওগাঁ সরকারি কলেজ, নওগাঁ।

বিজ্ঞপ্তি নং- ১৭৪/নসক/২০২২

তারিখ: ১৩/১২/২০২২ খ্রি.

২০২১ সালের মাস্টার্স শেষ পর্ব (প্রাইভেট) কোর্সের রেজিস্ট্রেশন করতে ইচ্ছুক শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, আগামী ১৪/১২/২০২২ খ্রি. তারিখ হতে ২৮/১২/২০২২ খ্রি. তারিখের মধ্যে নিম্নলিখিত যোগ্যতা ও বিষয় অনুসরণ করে জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ওয়েব সাইট (www.nu.ac.bd/admissions) Masters Tab এ গিয়ে Apply Now (Masters Private) এ প্রবেশ করে প্রার্থীর পাসপোর্ট আকারের রঙিন ছবি স্ক্যান করে আবেদন ফরম পূরণপূর্বক প্রিন্ট কপি সংগ্রহ করে নির্ধারিত ফি ডাচ বাংলা মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে জমা দিয়ে আবেদন ফরমের প্রিন্ট কপিতে TXN নম্বর উল্লেখ করে ও প্রয়োজনীয় কাগজপত্রসহ পরীক্ষা শাখায় সকাল ১০:০০ হতে বেলা ০২:০০ টা পর্যন্ত জমা দানের নির্দেশ দেয়া হলো।

১। আবেদনের যোগ্যতা :

- (ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৬ সাল থেকে তৎপরবর্তী সালে চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে। তবে চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় পাস ডিগ্রী প্রাপ্ত শিক্ষার্থী ২০১৯ সালের মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে আবেদন করতে পারবে না।
- (খ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৬ সাল থেকে তৎপরবর্তী সালে ১ম পর্ব মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট)/প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট) পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত এবং তৎসংশ্লিষ্ট তিন বছর মেয়াদী স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।
- (গ) আবেদনের যোগ্যতা থাকা সাপেক্ষে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর সংশ্লিষ্ট দপ্তর হতে অনুমতি গ্রহণ ও উত্তম আচরণের প্রত্যয়নপত্র দাখিল থাকা সাপেক্ষে কারাবন্দীগণও আবেদন করতে পারবে।
- (ঘ) বাংলাদেশ প্রতিরক্ষা বাহিনীর সদস্য প্রয়োজনীয় যোগ্যতা থাকা সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে পারবে।
- (ঙ) প্রাথমিক আবেদন ফরমে আবেদনকারীর কোন তথ্য/ছবি অসত্য, ভুল বা অসম্পূর্ণ বলে প্রমাণিত হলে তার রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

২। প্রাইভেট রেজিস্ট্রেশনের জন্য নির্ধারিত বিষয় : বাংলা, ইংরেজি, অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান, দর্শন, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, ব্যবস্থাপনা ও হিসাববিজ্ঞান।

- * বিষয় নির্বাচনের ক্ষেত্রে স্নাতক (সম্মান)/স্নাতকোত্তর ১ম পর্ব কোর্সে পঠিতব্য বিষয়েই রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে হবে।
- * প্রাইভেট পরীক্ষার্থীদের পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিয়মিত শিক্ষার্থীদের জন্য নির্ধারিত পাঠ্যসূচি অনুসরণ করতে হবে।

৩। পূরণকৃত আবেদন ফরমের প্রিন্টকপির সাথে প্রয়োজনীয় কাগজ পত্র সংযুক্ত করতে হবে :

(ক) এস.এস. সি/ সমমান ও এইচ.এস.সি/সমমান পরীক্ষা পাশের মূল সনদপত্রের ফটোকপি।

(খ) স্নাতক (পাস) ও স্নাতক (সম্মান)/মাস্টার্স ১ম পর্ব (নিয়মিত ও প্রাইভেট) পরীক্ষা পাশের মূল/সাময়িক সনদ ও নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি।

(গ) ১ম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক চারিত্রিক সনদ।

(ঘ) স্নাতক (সম্মান) মাস্টার্স ১ম পর্ব (নিয়মিত ও প্রাইভেট) পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি।

(ঙ) প্রতিরক্ষা বাহিনীতে কর্মরত প্রার্থীগণকে “শিক্ষা ছুটি দেয়া হবে” মর্মে বিভাগীয় প্রধানের প্রত্যয়ন পত্র।

(চ) প্রিন্টকৃত আবেদন কপি যাচাই করার সময় সকল সনদের মূল কপি প্রদর্শন করতে হবে।

৪। প্রয়োজনীয় ফি :

ক্র :নং	ফি সমূহের বিবরণ	টাকা
০১	আবেদন ফি	৩০০/-
০২	রেজিস্ট্রেশন ফি	৮০০/-
০৩	ব্যবস্থাপনা	৫০/-
০৪	ইনকোর্স	৪০০/-
০৫	ব্যাংক সার্ভিস	০৭/-
	সর্বমোট=	১৫৫৭/-

বি. দ্র. সংশ্লিষ্ট কলেজ প্রতিটি বিষয়ে সর্বোচ্চ ১০০০ (এক হাজার) জন শিক্ষার্থীর আবেদন অনলাইন থেকে ডাউনলোড করতে পারবে।

৩৩৭ বিলার আইডিতে টাকা জমাদানের জন্য বিল নম্বর তৈরির নিয়মাবলি :

২০২১০২ এর পর সংশ্লিষ্ট বিভাগের কোড এরপর মাস্টার্স ভর্তির রোল নম্বর সঠিক ভাবে লিখতে হবে।

বিভিন্ন বিভাগের কোড : বাংলা-০১, ইংরেজি-০২, রাষ্ট্রবিজ্ঞান-০৩, অর্থনীতি-০৪, দর্শন-০৫, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি-০৬, হিসাববিজ্ঞান-১৩, ব্যবস্থাপনা-১৪

বি. দ্র. এই কলেজের ছাত্র-ছাত্রীদের জানানো যাচ্ছে যে, সকল প্রকার ভর্তির প্রাথমিক আবেদন ফি, ভর্তি, সেশন চার্জ এবং ফরম পূরণের ফি নোটিশে উল্লিখিত ফির কম বা বেশি অথবা ২বার/৩বার করে দেওয়া যাবে না। নির্ধারিত ফি সঠিকভাবে না দিলে Software তা গ্রহণ করবে না। সঠিকভাবে নির্ধারিত ফি না দেওয়ার কারণে, Software গ্রহণ না করলে ভর্তি/আবেদন ফি/ফরম পূরণের কোনো দায়-দায়িত্ব কর্তৃপক্ষ বহন করবে না। আদায়কৃত ফি ফেরত দেওয়ার কোনো বিধান নেই।

অধ্যক্ষ

নওগাঁ সরকারি কলেজ, নওগাঁ।